## উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা :

তারিখ: ৩০.০৬.২০২৫, সময়: সকাল ১০: ০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

(জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্র: নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | | | | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ। | ডাঃ মোঃ ইকবাল হাসান | ০১৭৩৭ ৩৭৩১৮২ | |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ। | ডা. মো. সেলিম রেজা | 01747576458 | |
| ০৪ | উপজেলা কৃষি কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ আহসান হাবীব | ০১৭০০ ৭১৬১১৪ | |
| ০৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ আল আমিন | ০১৭৬৯ ৪৫৯৮৬৬ | |
| ০৬ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, শান্তিগঞ্জ। | মোঃ সাজেদুল আলম | ০১৭০৮ ১৬১৬৮১ | |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ কামাল উদ্দিন | ০১৭১৬ ০০৯৬১৭ | |
| ০৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ সেলিম খাঁন | ০১৭১৮ ০৬৪৮৮০ | |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ আনিসুর রহমন | ০১৭২১ ৬৩৬ ২০ | |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শান্তিগঞ্জ। | তাছলিমা আক্তার লিমা | ০১৯১৫ ৫৮৬৫৭৬ | |
| ১১ | উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোহাম্মদ রুহুল হাসান | ০১৭১২ ৭৬৯৫৯৫ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। | সন্দ্বীপ বিশ্বাস<br>সন্দ্বীপ বিশ্বাস | ০১৭৫৮ ১৩২৮৩৯ | |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ জাহাঙ্গীর আলম | ০১৭১৯ ৯৮২৭৬০ | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শান্তিগঞ্জ। | | ০১৭১১ ১৬৯৮৮৬ | |
| ১৫ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোঃ মাসুদ সরকার | ০১৬৭৩ ৩৮৬৭০৯ | |
| ১৬ | উপজেলা উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য শান্তিগঞ্জ। | মোঃ আতিউর রহমান | ০১৮২১ ৯৭১৮৪৩ | |
| ১৭ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ। | নেহার রাণী চৌধুরী | ০১৭৫৪ ১৩৯৫০২ | |
| ১৮ | উপজেলা খাদ্য বিষয়ক কর্মকর্তা, শান্তিগঞ্জ। | মোহাম্মদ আব্দুর রব | ০১৭১২ ৭২০৯১৭ | |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। | অসীম বরণ তালুকদার | ০১৬৭০ ৫৯১৭৫১ | |
| ২০ | বন সংরক্ষণ কর্মকর্তা, শান্তিগঞ্জ। | | | |
| ২১ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক শান্তিগঞ্জ। | নীতিকা চন্দ্রবর্মন | 01938-8794[illegible] | |
| ২২ | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি শান্তিগঞ্জ। | মোঃ ইয়াসিন মাহমুদ | ০১৭৬৯ ৪০৭২৪০ | 30.06.25 |
| ২৩ | চেয়ারম্যান, জয়কলস ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | আব্দুল বাছিত সুজন | ০১৭৮৮ ৫৭৩০৪০ | |
| ২৪ | চেয়ারম্যানপাথারিয়া ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | মোঃ শহীদুল ইসলাম | ০১৭৯৯ ৭০৪৮৫৬ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | চেয়ারম্যান, শিমুলবাক ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | শাহীনুর রহমান | ০১৭০৮ ৭৯৬৮৪৪ | |
| ২৬ | চেয়ারম্যান,পূর্ব বীরগাঁও ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | | | |
| ২৭ | চেয়ারম্যান, পশ্চিম বীরগাঁও ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | লুৎফুর রহমান জায়গীরদার খোকন | ০১৭১৮ ১০৬৪৫০ | |
| ২৮ | চেয়ারম্যান, পূর্ব পাগলা ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | মোঃ মাসুক মিয়া | ০১৭৪৫ ৮৭৪৮৬৩ | |
| ২৯ | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | জগলুল হায়দার | ০১৭৪৮ ৯১৩৯৪৪ | |
| ৩০ | চেয়ারম্যান, দরগাপাশা ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ। | মোঃ সুফি মিয়া | ০১৭৩০ ১৭৮৬২৯ | |
| ৩১ | সদস্য, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ। (সংরক্ষিত সদস্য, ওয়াড নং-৭,৮ ও ৯, জয়কলস ইউনিয়ন পরিষদ)। | মোছাঃ আমিনা বেগম | ০১৭৮০ ০৯৪২২৩ | |
| ৩২ | সদস্য, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ। (সংরক্ষিত সদস্য, ওয়াড নং-১,২ ও ৩, পশ্চিম বীরগাঁও ইউনিয়ন পরিষদ)। | জহুরা বিবি | ০১৭৩৪ ৭৫৯০৯৮ | |
| ৩৩ | সদস্য, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ। (সংরক্ষিত সদস্য, ওয়াড নং-৭,৮ ও ৯- পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদ)। | হালেমা বেগম | ০১৭৩৪৭৫৯০৯৮ | |

উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

<u>উপজেলা পরিষদের জুন/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:</u>

সভাপতি : জনাব সুকান্ত সাহা ,প্রশাসক, উপজেলাপরিষদ, শান্তিগঞ্জ।
সভারস্থান: : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ৩০ জুন,২০২৫খ্রি:
সময় : সকাল ১০.০০ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবেসভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবেনা বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণকরা হয়।অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন</th></tr>
<tr><td>১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন</td><td>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কিনা সভায় জানতে চাওয়া হয়।</td><td><u>সিদ্ধান্ত ১</u> ঃ<br>কার্যবিবরণীতেকোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ/অনুমোদিত হয়।<br>বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহীঅফিসার, শান্তিগঞ্জ।</td></tr>
<tr><td>০২. ব্যয়ের হিসাব</td><td><u>বিগত মাসেরউপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ</u><br><br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলেরব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়।
<table>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদ, শান্তিগঞ্জকার্যালয়ের মে/২০২৫ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ</td><td>৫০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের মে/২০২৫ মাসের মাসিক,আপ্যায়ণও অন্যান্য বিল ভ্যাটসহ</td><td>২৩৭৯০/-</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের মে/২০২৫ মাসের ইন্টারনেট বিল</td><td>৩৫০/-</td></tr>
<tr><td>০৪</td><td>জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর মে/২০২৫ মাসের মজুরী ও ঈদুল আযহার বোনাস ।</td><td>২৫৩০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী বিল ।</td><td>১৭০৫০/-</td></tr>
<tr><td>০৬</td><td>জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর মে/২০২৫ মাসের মজুরী ও ঈদুল আযহার বোনাস ।</td><td>২৫৩০০/-</td></tr>
<tr><td>০৮</td><td>জনাব মো; কামাল হোসেন, পরিছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মে/২০২৫ মাসের মজুরী ও ঈদুল আযহার বোনাস ।</td><td>২৫৩০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
</table></td><td></td></tr>
</table>

বিভাগ ওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের অর্থায়নে গৃহীত সকল প্রকল্পের কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে। পিডিবি-৪ প্রকল্পের মেয়াদ আগামী জুন/২০২৬ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণ কাজ প্রধান শিক্ষকের কক্ষ, বড় ধরণের মেরামত কাজ, বাউন্ডারী দেওয়াল ও গেইট নির্মাণ কাজ আগামী ০৬ মাসের মধ্যে সম্পন্ন করা যাবে মর্মে মতামত প্রদান করেন। যে সকল বিদ্যালয়ে বাউন্ডারী দেওয়াল নির্মাণ কাজে জমি সংক্রান্ত জটিলতা রয়েছে সে সকল নির্মাণ কাজ বাস্তবায়ন করা সম্ভব হবে না। জমি সংক্রান্ত যেকোনো সমস্যা সমাধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে। এছাড়া অন্যান্য কাজ চলমান রয়েছে। উপজেলা পরিষদের অভ্যন্তরে বিশেষ বরাদ্দের কাজ সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে। বজ্রপাত প্রতিরোধে হাওর অঞ্চলে প্রচুর পরিমাণে তালগাছ রোপনের জন্য প্রস্তাব করেন। সেকল প্রাইমারি স্কুলে বাউন্ডারী দেওয়াল নিয়ে সমস্যা রয়েছে তা দ্রুত নিরসনে স্থানীয় ইউপি চেয়ারম্যানগনের সাথে সমন্বয় করে সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ১। ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) এর অর্থায়নে গৃহীত প্রকল্পগুলো সঠিক সময়ে সম্পন্ন করায় উপজেলা পরিষদের পক্ষ হতে কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ এর পক্ষে আবাসিক মেডিকেল অফিসার জানান যে, প্রায় প্রতিদিন ২০-২৫ জন নতুন রোগীদের ভর্তি হচ্ছে। রোগ পরীক্ষা নিরীক্ষার জন্য অত্র হাসপাতালে নতুন মেশিন চলে আসছে। রোগীদের সেবা প্রদানের লক্ষ্যে ১০-১৫ টি অক্সিজেন সিলিন্ডার, রি-এজেন্ট ও ল্যাবের জন্য এসি সরবরাহের জন্য সভায় উপস্থাপন করা হয়। তাছাড়া তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীদের যথাযথ চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে। প্রস্তাবিত অক্সিজেন সিলিন্ডার, রি-এজেন্ট ও ল্যাবের জন্য এসির বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শান্তিগঞ্জ।<br>২। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, ডাবরস্থ অফিসের নিরাপত্তাজনিত সমস্যা দেখা দিয়েছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অফিসের ভিতরে সন্ধার পর অপরিচিত লোকজনের প্রবেশ সীমিত/বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১) উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষিকর্মকর্তা ,শান্তিগঞ্জ সভায় জানান যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে তালগাছের চারা ও নারিকেল গাছের চারা বিতরণ করা হয়েছে। মাধ্যমিক ও প্রাথমিক পর্যায়ের ৮০০ শিক্ষার্থীদের মধ্যে ০৪টি ( বেল,নিম, কাঠাল) করে গাছের চারা বিতরণ করা হবে। আমন ধানের সার ও বীজ প্রণোদনার কার্যক্রম আগামী সপ্তাহের মধ্যে শুরু করা হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ১. প্রনোদনা বিতরণ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা , শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলাউপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা শান্তিগঞ্জ সভায় জানান যে, ১৮৫০ টি ল্যাট্রিনের মধ্যে ১৫০ টির কাজ ১০০% সম্পন্ন হয়েছে। আগামী মাসের মধ্যে ২০০ টির কাজ ১০০% সম্পন্ন হবে। সভায় উপজেলা নির্বাহী অফিসার আগামী মাসিক সভার পূর্বেই এ পর্যন্ত কয়টি টিউবওয়েল বরাদ্দ দেওয়া | ১. জরুরী ভিত্তিতে ল্যাট্রিনের কাজ সম্পন্ন করতে হবে। যে সকল ঠিকাদার টিউবওয়েল স্থাপনে বিলম্ব করছেন তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | হয়েছে। কয়টি টিউবওয়েল কাজ চলমান রয়েছে এবং কাজের সর্বশেষ অবস্থা উল্লেখপূর্বক প্রতিবেদনসহ আগামী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে,বাজারে দেশীয় প্রজাতির বিভিন্ন মাছের পোনা নিষিদ্ধ জাল, চায়না দুয়ারী, চাই, কোনা জাল দিয়ে ধরা হচ্ছে। দেশীয় মাছের পোণা রক্ষার জন্য হাওরে ও বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করতে পারলে হাওরে দেশীয় মাছের পোণা বৃদ্ধি পাবে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করেন। | অত্র উপজেলার মৎস্য সম্পদ রক্ষার জন্য কার্যকর ভূমিকা রাখতে হবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,শান্তিগঞ্জ কে সভায় অনুরোধ জানান যে, জন্মমৃত্যু নিবন্ধণ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য নবজাতকের তথ্য স্বাপ্তাহিকভাবে ইউনিয়ন পরিষদকে অবহিত করার জন্য অনুরোধ করেন। তাছাড়াও তাঁর বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে পরিষদকে অবহিত করেন। | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনার **সিদ্ধান্ত গৃহীত হয়।** | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে টি আর, কাবিখা প্রকল্পের ১ম ও ২য় পর্যায়ের বরাদ্দের কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে। ৩য় পর্যায়ের ১৩ টি প্রকল্পের কাজ পানির জন্য বিলম্ব শেষ হওয়ায় এটিও শ্রীঘ্রই শেষ হবে।তাছাড়াও তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে পরিষদকে অবহিত করেন। | অনুমোদিত টি আর, কাবিখা কাজ দুত সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিকশিক্ষা কর্মকর্তা,শান্তিগঞ্জ জানান উপজেলা প্রশাসন কর্তৃক বাস্তবায়িত "বেসিক নলেজ টেস্ট-২০২৫" উপজেলার প্রতিটি প্রাইমারী বিদ্যালয়ে ৪র্থ-৫ম শ্রেণীর মেধা যাচাইয়ের লক্ষে গৃহীত পরীক্ষাটি অত্র উপজেলায় প্রাইমারী শিক্ষা পরিবারে ব্যপক আলোড়ন সৃষ্টি করেছে। এ বিষয়ে শিক্ষক, ছাত্র-ছাত্রী ও অভিবাবকবৃন্দ সকলেই উক্ত পরীক্ষা পদ্ধতির প্রয়োজনীয়তা অনুধাবন করতে পেরেছেন। এ ধরণের ব্যতিক্রমী উদ্যেগ নেওয়ার ফলে অত্র উপজেলার শিক্ষার মানোন্নয়নে ভূমিকা রাখবে। উপজেলা প্রাইমারী শিক্ষা পরিবারের পক্ষ হতে উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে কর্মকর্তার স্বল্পতার কারণে অত্র উপজেলার ৯৭ টি প্রাইমারী বিদ্যালয়ে পরিদর্শন করা কষ্টসাধ্য বিধায় উপজেলা পরিষদের সকল সদস্যকে সরকারি দায়িত্বের পাশাপাশি সুযোগ পেলেই প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করে নির্ধারিত ফরমেটে প্রতিবেদন/সুপারিশ করার জন্য সংশ্লিষ্ট সকলকে উপজেলা নির্বাহী অফিসার অনুরোধ জানান। পরিষদের যে সদস্য সবচেয়ে বেশি স্কুল পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন তাকে উপজেলা পরিষদের পক্ষ হতে সম্মাননা প্রদান করা হবে। তাছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | উপজেলা পরিষদের সকল সদস্যকে সরকারি দায়িত্বের পাশাপাশি সুযোগ পেলেই প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করে সুপারিশ/প্রতিবেদন দাখিল করতে হবে। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,শান্তিগঞ্জ সভায় জানান ব্যানবেইসের তত্বাধানে আগামী ১৫/৭/২০২৫-২৫/৭/২০২৫ পর্যন্ত ৬ষ্ট-দ্বাদশ শ্রেণির | মাধ্যমিক শিক্ষার মান বাড়াতে মনিটরিং জোরদারসহ নির্বাচনী | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা,শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | অফিস | ব্যাজলাইন সার্ভে কার্যক্রম শুরু হবে। এইচ এস সি পরীক্ষা চলমান রয়েছে। তাছাড়াও তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে উপজেলা পরিষদ, অবহিত করেন। | পরীক্ষার বিষয়ে গুরুত্ব দিতে হবে। | |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা শান্তিগঞ্জ সভায় জানান যে, ঋণ আদায় অগ্রগতি পূর্বের মাসের চেয়ার ভালো। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, প্রতি মাসে মাসিক সভায় ঋণ আদায়ের হার লিখিতভাবে উপস্থাপন করতে হবে। শান্তিগঞ্জ সভায় জ | ঋণ আদায়সহ সমিতির যাবতীয় কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান বয়স্ক ভাতা ৭১৮১ জন, বিধবা ভাতা ৩৬৭৯ জন, প্রতিবন্ধী ভাতা ৩৬৩৬ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ৮৬ জন, হিজড়া ০৩ জন, অনগ্রসর জনগোষ্ঠী ১৪ জন, বেধে ০৪ জনের ভাতার ৪র্থ কিস্তির পে-রোলের টাকা ভাতাভোগীর একাউন্টে প্রেরণ করা হয়েছে। নতুন বয়স্ক ভাতা ১৩৩৮ জন, বিধবা ভাতা ৯৩৯ জন, প্রতিবন্ধী ভাতা ১৭৬ জন, অনগ্রসর ০৪ জন এবং বেধে ০৪ জনকে অন্তর্ভূক্ত করা হয়েছে। ভাতাভোগীদের বহি চাহিদা প্রেরণ করা হয়েছে। | ভাতাভোগীদের গুরুত্বসহকারে সরকারি সেবা প্রদান করতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,শান্তিগঞ্জ সভায় শান্তিগঞ্জ শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁয় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১. খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ব্যক্তি ও খানা পর্যায়ে ০২টি জড়িপ কাজ চলমান রয়েছে। এর বাইরে রুটিনমাফিক বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | জরিপ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শান্তিগঞ্জ |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ,শান্তিগঞ্জ সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে উপজেলা পরিষদকে অবহিত করেন। | কার্যক্রম ও প্রশিক্ষণে আরো গতিশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, শিমুলবাক গ্রাম উন্নয়ন প্রকল্পের জড়িপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। মোট ১০০ জনকে বিভিন্ন ট্রেডে নির্বাচন করা হয়েছে। নির্ধারিত ০৪টি ট্রেডে ০৫ জন প্রশিক্ষানার্থী মনোনয়নের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তাদের ঢাকায় বিভিন্ন কারিগরি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। খেলাপী লোন আদায়ের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। | কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শান্তিগঞ্জ শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁয় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্র মসম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান। অত্র বিভাগের দরজা মেরামত ও অফিসের পার্টিশন স্থাপন করা জরুরী। ছাঁদ থেকে পানি লিকেজ হয়। বর্ষাকালে অফিসের জরুরী কাগজাদি ভিজে নষ্ট হতে পারে। এ বিষয়ে উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন । এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | জরুরী ভিত্তিতে মেরামত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্র মসম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১.ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) সভায় নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>১. সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, শান্তিগঞ্জ উপজেলায় কোনো বিনোদন স্পট নেই। অত্র উপজেলার শিশুরা/সাধারণ মানুষ কাজের অবসরে বিনোদনের সুযোগ না থাকায় অনেকেই বিনোদনের জন্য সুনামগঞ্জ কিংবা সিলেটে চলে যান। অত্র উপজেলার শিশু/শিক্ষার্থী/সাধারণ মানুষের কথা চিন্তা করে উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি বিনোদন পার্ক/শিশু পার্ক নির্মাণ করা হয়েছে। পার্কের অভ্যন্তরে শিশুদের খেলার জন্য বিভিন্ন রাইড,কয়েক ধরণের দোলনা, চেয়ার, পানির ফোয়ারা, ঘোড়া, জিরাফ, হাতি, পাখি, বক, স্লীপার, জাম্পিং, দৃষ্টিনন্দন বসার স্থান, ফুলের গাছ ইত্যাদি বিনোদনমূলক স্থাপনা বসানো হয়েছে। পার্কটি শীঘ্রই উদ্বোধন করা হবে। স্থাপিত বিনোদন কেন্দ্রের নাম প্রস্তাব করার জন্য উপজেলা পরিষদের সকল সদস্যকে অনুরোধ করেন। উপস্থিত সদস্যবৃন্দ নবনির্মিত পার্কটির নাম<br><br>"উপজেলা পরিষদ শিশু পার্ক" নামে নামকরণ করার বিষয়ে একমত পোষণ করেন। পার্কের সঠিক ব্যবস্থাপনা, উপজেলা পরিষদের আয়বৃদ্ধি এবং সৌন্দর্য্যবর্ধনের স্বার্থে পার্কের প্রবেশমূল্য ২০/ টাকা নির্ধারণ এবং ০৩ বছরের কম বয়সী শিশুদের বিনা টিকেটে প্রবেশের অনুমতি প্রদানের বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ মতামত প্রদান করেন। এছাড়া উপজেলা প্রশাসনের নিজস্ব তত্বাবধানে পার্কটি পরিচালিত করার বিষয়ে আলোচনা করা হয়। পার্ক হতে আয় উপজেলা পরিষদের আয় হিসেবে গণ্য হবে। উপজেলা পরিষদ শিশু পার্ক পরিচালনার স্বার্থে উপজেলা পরিষদ শিশু পার্ক পরিচালনা পদ্ধতি তৈরির বিষয়ে আলোচনা করা হয়।<br><br>২. উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জয়কলস মৌজার ১/২ নং খতিয়ানের ১৫১৮ গং দাগের ৬.০০ একর ভূমির ২০২৪-২০২৫ অর্থবছরের ভূমি উন্নয়ন কর বাবদ ৭২৮৭/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>৩. সভায় উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপজেলা পরিষদের ২০২৫-২০২৬ অর্থ বছরের খসড়া বাজেটটি সভায় উপস্থাপন করা হয়। সার্বিক দিক পর্যালোচনায় প্রস্তাবিত বাজেটি সর্বসম্মতক্রমে অনুমোদনের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>৪. উপজেলা পরিষদের জুলাই/২০২৪ হতে জুন/২০২৫ পর্যন্ত ইন্টারনেট ও পত্রিকাবিল বাবদ ৩৩,৬০০/- টাকা বিল বকেয়া রয়েছে। উক্ত বকেয়া বিল পরিশোধের নিমিত্ত সভায় আলোচনা করা হয়। | ১. উপজেলা পরিষদের অভ্যন্তরে নির্মাণাধীন পার্কটির নাম "উপজেলা পরিষদ শিশু পার্ক" নামে নামকরণ করতে হবে। প্রবেশমূল্য ২০/- টাকা নির্ধারণ করতে হবে। উপজেলা প্রশাসনের তত্বাবধানে পার্কটি পরিচালিত হবে। পার্কের আয় উপজেলা পরিষদের আয় হিসেবে পৃথক একটি ব্যাংক একাউন্টে জমা করতে হবে। পার্কের মেরামত/সৌন্দর্যবর্ধন/ আনুষাঙ্গিক/অন্যান্য খরচ পার্কের নিজস্ব একাউন্ট থেকে বহন করতে হবে। পার্কের আয় হতে অর্থ প্রাপ্তি স্বাপেক্ষে উপজেলা পরিষদের অন্যান্য উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করতে হবে।<br><br>২. উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ১৪৩২ বাংলার ভূমি উন্নয়ন কর বাবদ ৬০০০/-(ছয় হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ পরিশোধ করতে হবে।<br>৩.উপজেলা পরিষদের ২০২৫-২০২৬ অর্থ বছরের খসড়া বাজেটটি সর্বসম্মতক্রমে অনুমোদন করা হয়।<br>৪. উপজেলা পরিষদের জুলাই/২০২৪ হতে জুন/২০২৫ পর্যন্ত | ১.উপজেলা...(সকল কর্মকর্তা,শান্তিগঞ্জ।<br><br>২. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ।<br><br>৩-৬. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ৫. উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ৩০ জুন/২০২৫ মাসের জমাকৃত তহবিল হতে জরুরী প্রয়োজনের নিমিত্ত ৩/৪ লক্ষ টাকা রেখে অবশিষ্ট অর্থ বিধি মোতাবেক উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে স্থানান্তরের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>৬. এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি,শান্তিগঞ্জ জানান যে, দেশব্যাপী পল্লী বিদ্যুৎ সমিতির সংস্কারের লক্ষ্যে বিগত মাসে সারা দেশব্যাপী আন্দোলন করা হয়েছিল। উক্ত যৌক্তিক আন্দোলনের কারণের কোনো গ্রাহক যদি মে/২০২৫ মাসের বিদ্যুৎ বিল না পেয়ে থাকেন তাহলে পল্লী বিদ্যুৎ সমিতিকে অবহিত করলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ডাবরস্থ পার্কে ট্রান্সমিটার আছে যেকোনো সময় কানেকশন দেওয়া যাবে। উপজেলা পরিষদের সকল গ্রাহকবৃন্দকে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুরোধ করেন।<br><br>৭. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা,বাংলাদেশ সচিবালয়,ঢাকার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬. ০১৮.০০১.২৪.৪৯৮, তারিখ-১৮ আগস্ট,২০২৪ খ্রিঃমূলে জারীকৃত প্রজ্ঞাপনটি সভায় উপস্থাপন করা হয়। প্রজ্ঞাপনে উপজেলা পরিষদ (সংশোধন)অধ্যাদেশ,২০২৪ এর ধারা ১৩(ঘ) প্রয়োগ করে শান্তিগঞ্জ উপজেলাসহ ৪৯৩টি উপজেলা পরিষদের চেয়ারম্যানগনকে স্ব-স্ব পদ থেকে অপসারণ করা হয়েছে এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা,বাংলাদেশ সচিবালয়,ঢাকার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪.৪৯৯, তারিখ-১৮ আগস্ট,২০২৪ খ্রিঃমূলে জারীকৃত প্রজ্ঞাপনে উপজেলা নির্বাহী অফিসারগণকে স্ব-স্ব উপজেলা পরিষদের প্রশাসক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনমূলে পরিচালক, স্থানীয় সরকার সিলেট বিভাগ বরাবরে ১৯/০৮/২০২৪ খ্রিঃ অপরাহ্নে জনাব সুকান্ত সাহা, উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ প্রশাসক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ হিসেবে যোগদান করেছেন। প্রজ্ঞাপনের ০৩ নং শর্তে উল্লেখ রয়েছে যে, বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন। সেপ্টেম্বর/২০২৪ হতে জুন/২০২৫ পর্যন্ত ১৫০০/- টাকা হারে ১০ মাসের দায়িত্ব ভাতা বাবদ ১৫,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে দায়িত্ব ভাতা হিসেবে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br>৮. উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ জানান যে, উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটার ও উপজেলা নির্বাহী অফিসারের মেরামত বিল বাবদ ৩,৯০,০০০/- টাকা বকেয়া রয়েছে। উক্ত বকেয়া বিল পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে মতামত প্রদান করা হয়।<br><br>৯. সভায় উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ জানান যে, পাথারিয়া বাজারের উন্নয়নমূলক কাজ-মেইন রাস্তা – মন্দির পর্যন্ত রাস্তা, গরুর বাজারের হাসিল ঘর, | ইন্টারনেট ও পত্রিকাবিল বাবদ ৩৩,৬০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫. উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ৩০ জুন/২০২৫ মাসের জমাকৃত তহবিল হতে জরুরী প্রয়োজনের নিমিত্ত ৩/৪ লক্ষ টাকা রাজস্ব তহবিলে রেখে অবশিষ্ট অর্থ বিধি মোতাবেক উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে<br>৬. উপজেলা পরিষদের সকল গ্রাহককে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে।<br>৭. প্রজ্ঞাপনের ০৩ নং শর্তমতে সেপ্টেম্বর/২০২৪ হতে জুন/২০২৫ পর্যন্ত ১৫০০/- টাকা হারে ১০ মাসের দায়িত্ব ভাতা বাবদ ১৫,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।<br>৮. উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটার ও উপজেলা নির্বাহী অফিসারের মেরামত বিল বাবদ ৩,৯০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।<br><br>৯. পাথারিয়া বাজারের উন্নয়নমূলক কাজ-মেইন রাস্তা ---মন্দির পর্যন্ত রাস্তা, গরুর বাজারের হাসিল ঘর, বাজারের ভিতরের রাস্তার উন্নয়ন কাজ বাবদ-বাবদ-২০.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ বিধি মোতাবেক ০২টি | ৬. এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি,শান্তিগঞ্জ<br><br>৭. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ।<br><br>৮. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বাজারের ভিতরের রাস্তার উন্নয়ন কাজ বাবদ-২০.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ বিধি মোতাবেক ০২টি RFQ এর মাধ্যমে হাটবাজার তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। উল্লেখ্য যে ইতিপূর্বে কয়েকটি মাসিক সমন্বয় সভায় পাথারিয়া বাজারে জরুরী ভিত্তিতে উন্নয়নমূলক কাজ করার বিষয়ে উত্থাপন করা হয়েছিল এবং জরুরী ভিত্তিতে কাজ সম্পাদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। উপস্থিত সদস্যবৃন্দ জানান যে, প্রায়শই প্রতিটি বাজারে চুরির ঘটনা ঘটে থাকে। চুরি/অপ্রীতিকর ঘটনা এড়াতে বাজারে সিসি ক্যামেরা বসানোর জন্য উপস্থিত স্থানীয় ইউপি চেয়ারম্যানবৃন্দ মতামত প্রদান করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় বাজার কমিটি ও উপজেলা হাটবাজার ব্যবস্থাপনা কমিটিকে অনুরোধ জানানো হয়। | RFQ এর মাধ্যমে হাট বাজার তহবিল হতে পরিশোধ করতে হবে। অগ্রাধিকার ভিত্তিতে যে সকল হতে সরকারি রাজস্ব আদায় হচ্ছে এবং বাজারে সিসি ক্যামেরা স্থাপন করা জরুরী সে সকল বাজারে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে। | ৯. উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ।<br>১০. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ। |
| | | ১০. দৈনিক যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি নং-০১/১৪৩২ এর বিজ্ঞাপন বিল বাবদ ২১,২৬৪/- (একুশ হাজার দুইশত চৌষট্টি) টাকা ও দৈনিক সিলেটের ডাক পত্রিকায় প্রকাশিত হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি নং-০১/১৪৩২ এর বিজ্ঞাপন বিল বাবদ ১০৩৩৬/-(দশ হাজার তিনশত ছত্রিশ) টাকা এবং দৈনিক সুনামগঞ্জের সময় প্রকাশিত নৌকাঘাট ইজারা বিজ্ঞপ্তি নং ০১/১৪৩২ এর বিজ্ঞাপন বিল বাবদ ৬১৫০/-টাকা ও হাটবাজার ইজারা সংক্রান্ত আনুষাঙ্গিক ব্যয় ১৮,৯২০/-টাকা হাটবাজার ইজারালব্দ আয় হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ১০. দৈনিক যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি নং-০১/১৪৩২ এর বিজ্ঞাপন বিল বাবদ ২৪,৮৪০/- (চব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকা ও দৈনিক সিলেটের ডাক পত্রিকায় প্রকাশিত হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি নং-০১/১৪৩২ এর বিজ্ঞাপন বিল বাবদ ১২,৮৮০/- টাকা এবং দৈনিক সুনামগঞ্জের সময় প্রকাশিত নৌকাঘাট ইজারা বিজ্ঞপ্তি নং ০১/১৪৩২ এর বিজ্ঞাপন বিল বাবদ ৬১৫০/-টাকা ও হাটবাজার ইজারা সংক্রান্ত আনুষাঙ্গিক ব্যয় ১৮,৯২০/-টাকা হাট বাজার ইজারালব্দ আয় হিসেবে জমা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | |
| | | ১১.গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়,প্রবিধি অনুবিভাগ, প্রবিধি শাখা-৩ এর স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-৩)-১০০, তারিখ- ১৫ এপ্রিল,২০২৫ এর "দৈনিক ভিত্তিক সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা-২০২৫" এর ০৪ এর (গ) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক দৈনিক মজুরী ৭০০ টাকা হারে ২২(বাইশ) দিনের মজুরী প্রদানের বিষয়টি সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে সরকারি নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলচনা করা হয়। | ১১. "দৈনিক ভিত্তিক সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা-২০২৫" এর ০৪ এর (গ) অনুচ্ছেদ অনুযায়ী দৈনিক ৭০০/- টাকা হারে ২২(বাইশ) দিনের মজুরী প্রদান করতে হবে। | ১১. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ। |
| | | ১২. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মুক্তিযুদ্ধ বিষয় মন্ত্রণালয়, জুলাই গণঅভ্যুত্থান শাখা, সরকারি পরিবহনপুল ভবন, ঢাকা এর স্মারক নং-৪৮.০০.০০০.০১৬.৯৯.০০৩.২৫-১৮০, তারিখ- ০৩ জুন, ২০২৫ খ্রিঃ ও জেলা প্রশাসকের কার্যালয়,সুনামগঞ্জ এর সাধারণ শাখার স্মারক নং-০৫.৪৬.৯০০০.০০০.০১৫.৪৬.৩০১.২৪.৪৮৬, তারিখ- ১৭ জুন,২০২৫ খ্রিঃ মূলে "জুলাই গণঅভ্যুত্থান-২০২৪" এ শহিদ পরিবারের কল্যাণ এবং আহত জুলাই যোদ্ধাদের পুর্নবাসন কর্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেছেন। "জুলাই গণঅভ্যুত্থান-২০২৪" ছাত্র জনতার পক্ষে প্রবাস থেকে যুক্ত হোন রেমিট্যান্স যোদ্ধারাও, রেমিট্যান্স যোদ্ধারা রেমিট্যান্স পাঠানো | ১২. প্রবাসী জুলাই যোদ্ধা জনাব আলী আহমদ, পিতা-ছিদ্দিক আলী শাহ,সাং-নোয়াখালী, পোঃ নোয়াখালী বাজার, উপজেলা-শান্তিগঞ্জ, জেলা- | ১২. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বন্ধসহ প্রবাসের রাজপথে প্রতিবাদী মিছিল করেছেন অনেকে। অন্যান্য দেশেরমতো সংযুক্ত আরব আমিরাতেও মিছিল হয়েছিল তবে ঐ দেশে আন্দোলন নিষেধ থাকায় আন্দোলনকারী অনেক শ্রমিক ঝুকিতে পড়েছিল অনেক বাঙ্গালি শ্রমিকে। আন্দোলনকারী প্রবাসী শ্রমিকদেরকে গণগ্রেফতার করতে থাকে সংযুক্ত আরব আমিরাত সরকার। আটককৃত শ্রমিকদেরকে বিভিন্ন মেয়াদে যেমন- কাউকে ১০ বছর, কাউকে ২৪ বছর এবং কাউকে যাবজ্জীবন কারাদন্ড ভোগ করার আদেশ প্রদান করেন। "জুলাই গণঅভ্যুত্থান এর পর তৎকালীন সরকারের পতন ঘটলে বর্তমান অন্তর্বর্তী সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা ড.মুহাম্মদ ইউনূস এঁর প্রচেষ্টায় অনেকেই নিজ দেশে ফিরেন। উক্ত আন্দোলনে যাবজ্জীবন কারাদন্ড প্রাপ্ত একজন প্রবাসী জুলাই যোদ্ধা জনাব আলী আহমদ, পিতা-ছিদ্দিক আলী শাহ্,সাং-নোয়াখালী, পোঃ নোয়াখালী বাজার, উপজেলা-শান্তিগঞ্জ, জেলা-সুনামগঞ্জ। সংযুক্ত আরব আমিরাতে তৎকালীন সরকার বিরোধী মিছিলে অংশগ্রহণ করার কারণে তাকে সংযুক্ত আরব আমিরাত সরকার ২৪ বছর কারাদন্ডাদেশ প্রদান করেছিল এবং সে আরব আমিরাতে ০৪ মাস কারাভোগ করেন। তৎকালীন সরকারের পতন ঘটলে অন্তর্বর্তী সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা ড.মুহাম্মদ ইউনূস এঁর প্রচেষ্টায় তাকে নিজ দেশে ফেরত আনা হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক জুলাই-আগস্ট-২০২৪ গণঅভ্যুত্থানে সোচ্চার ভূমিকার স্বীকৃতিস্বরূপ "রেমিট্যান্স যোদ্ধা" হিসেবে বিশেষ সম্মাননা সনদ প্রদান করা হয়। বর্তমানে সে সর্বস্ব হারিয়ে নিঃস্ব হয়ে পড়েছেন। দায়-দেনা করে প্রবাসী গিয়েছিলেন পরিবারকে স্বচ্ছল করার জন্য কিন্তু বর্তমানে তিনি পরিবারের বোঝা হয়ে গিয়েছেন। তার অসহায়ত্বের বিষয়টি বিভিন্ন মিডিয়া ও সামাজিক যোগাযোগ মাধ্যম ও অত্র উপজেলার আলোচিত বিষয় হিসেবে প্রকাশিত হয়। উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক,শান্তিগঞ্জ গুরুত্বারোপ করেন এবং তার সাথে কথা বলেন ব্যক্তিগত জীবনে সে কি কাজ করতে আগ্রহী এবং প্রবাসে সে কিসের কাজ করেছেন এ বিষয়ে তথ্য সংগ্রহ করেন। তাহার কাজের অভিজ্ঞতাকে কাজে লাগানোর জন্য উপজেলা পরিষদ ও সরকারি অর্থায়নে উপজেলা পরিষদের সম্মুখে তাকে একটি ক্যান্টিন স্থাপন করে দেওয়ার প্রস্তাব করেন। বিষয়টি উপজেলা পরিষদের উপস্থিত সকল সদস্যই সম্মতি প্রকাশ করেন। সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রবাসী জুলাই যোদ্ধা জনাব আলী আহমদ, পিতা-ছিদ্দিক আলী শাহ্,সাং-নোয়াখালী, পোঃ নোয়াখালী বাজার, উপজেলা-শান্তিগঞ্জ, জেলা-সুনামগঞ্জ এর নিকট হতে আগামী ০১ বছর টোকেন ফি/ভাড়া বাবদ প্রতিমাসে ৫০০/-(পাচশত) টাকা করে ভাড়া নির্ধারণ এবং পরবর্তী বছর হতে মাসিক ভাড়া উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্তক্রমে নির্ধারণ করার জন্য সভায় প্রস্তাব করেন। উপস্থিত সদস্যবৃন্দ প্রস্তাবিত বিষয়টির সাথে একমত পোষণ করেন। | সুনামগঞ্জ কে উপজেলা পরিষদের সামনে ০১টি ক্যান্টিন স্থাপন করে দিতে হবে এবং উক্ত ক্যান্টিনের ভাড়া বাবদ তার নিকট হতে আগামী ০১ বছর (আগস্ট/২৫-জুলাই/২০২৫) টোকেন ফি/ভাড়া বাবদ প্রতি মাসে ৫০০/-(পাচশত) টাকা করে ভাড়া নির্ধারণ এবং পরবর্তী বছর হতে উক্ত ক্যান্টিনের মাসিক ভাড়া উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্তক্রমে নির্ধারণ করতে হবে। | |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ১৩. সভায় উপজেলা নির্বাহী অফিসার ও উপস্থিত সদস্যবৃন্দ আলোচনা করেন যে, ইসলামি গবেষণা, সংস্কৃতি ও জ্ঞানচর্চার কেন্দ্রবিন্দু হিসেবে মসজিদ ব্যবহার করা মুসলিমদের ঐতিহ্য। হারিয়ে যাওয়া সে ঐতিহ্য ফিরিয়ে আনতে সরকারিভাবে দেশের প্রতি জেলা ও উপজেলায় দৃষ্টিনন্দন ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণে করছে সরকার। মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ প্রকল্প সূত্র জানা যায়, সারাদেশে নির্মাণাধীন মডেল মসজিদের কাজ প্রায় শেষের দিকে। ৪০ শতাংশ জায়গার ওপর তিন ক্যাটাগরিতে মসজিদগুলো নির্মিত হচ্ছে। জেলা পর্যায়ে চারতলা, উপজেলার জন্য তিনতলা এবং উপকূলীয় এলাকায় চারতলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ করা হচ্ছে। অত্র উপজেলায় জায়গা সংক্রান্ত জটিলতার কারণে উপজেলা মডেল মসজিদটির কাজ দীর্ঘদিন বন্ধ ছিল। জায়গা সংক্রান্ত বিষয়ে উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসন সহযোগিতায় তা নিস্পন্ন করা হয়েছে। বর্তমানে উপজেলা পরিষদের মালিকানাধীন ও ব্যক্তিমালিকানাধীন জায়গার সমন্বয়ে উপজেলা পরিষদের উত্তর- পশ্চিম দিকের জায়গায় মডেল মসজিদের কাজ পুনরায় শুরু করা হয়েছে। উপজেলা মডেল মসজিদের কাজ শুরু হওয়ায় অত্র উপজেলাবাসী ও ধর্মপ্রাণ মুসল্লিগণ আনন্দিত জরুরী ভিত্তিতে অত্র উপজেলার মডেল মসজিদটির কাজ সম্পাদন করার জোর দাবী জানিয়ে আসছেন। মডেল মসজিদের কাজ সম্পাদন করতে গিয়ে উপজেলা পরিষদের উত্তর-পশ্চিম দিকের দেওয়ালের একাংশ ভেঙ্গে ফেলা হয়েছে। মডেল মসজিদের নির্মাণাধীন জায়গা টিন দিয়ে পৃথক না করার ফলে উপজেলা পরিষদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে।<br><br>সভায় উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, শান্তিগঞ্জ জানান যে, উপজেলা পরিষদের প্রবেশপথ ও অভ্যন্তরীণ রাস্তা দিয়ে মডেল মসজিদের ভারী মালামাল পরিবহন/প্রবেশ করায় উপজেলা পরিষদের প্রবেশপথ ও অভ্যন্তরীণ রাস্তা ক্ষতিগ্রস্ত হচ্ছে ইতিমধ্যে কিছু কিছু রাস্তা ভেঙ্গে গেছে। উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তার সর্বোচ্চ ক্যাপাসিটি ০৮-১০ টন কিন্তু মডেল মসজিদের রড, সিমেন্ট, ভারী মালামাল পরিবহনে ২০-৩০ টনের অধিক ট্রেইলর/লরি ব্যবহার করা হচ্ছে। উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তার সর্বোচ্চ ক্যাপাসিটি ০৮-১০ টন কিন্তু ২০-৩০ টনের অধিক ট্রেইলর/লরি ব্যবহার করার ফলে উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তার ব্যপক ক্ষতিসাধন হচ্ছে এবং রাস্তার অনেক জায়গায় ধ্বেবে গেছে।<br><br>সভায় উপস্থিত সদস্যবৃন্দ জানান যে, উপজেলা পরিষদের রাস্তার ক্ষতি না করে মালামাল মুভিলাইজেশনের জন্য পৃথক রাস্তা ব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মালামাল মুভিলাইজেশনের জন্য পৃথক রাস্তা নির্মাণ করার পূর্ব | ১৩. ভেঙ্গে ফেলা উপজেলা পরিষদের দেওয়াল সুরক্ষিত করার জন্য মডেল মসজিদের সাইট পৃথক করতে হবে। উপজেলা পরিষদের রাস্তার ক্ষতি না করে মালামাল মুভিলাইজেশনের জন্য পৃথক রাস্তা ব্যবহার পূর্ব পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তার ক্যাপাসিটি সম্পন্ন ০৮-১০ টনের যানবাহন ব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত, সুনামগঞ্জকে অবহিত করতে হবে। | ১৩. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তার ক্যাপাসিটি সম্পন্ন ০৮-১০ টনের যানবাহন ব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত, সুনামগঞ্জকে অবহিত করা যেতে পারে। | | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৬/২৫

(সুকান্ত সাহা)
প্রশাসক
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারকনং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১- ১৭৪ তারিখ: ৩০/৬/২০২৫ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩.পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৪. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫. উপজেলা ...................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৬. জনাব.................................................................................................. কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৭. সহকারীপ্রোগ্রামার, উপজেলাকার্যালয়, শান্তিগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।(তাঁকে কার্যবিবরণীর কপিটি সংশ্লিষ্ট ওয়েবপোর্টাল/ফেইসবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৮.চেয়ারম্যান ...................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা...........................................................................................................

৩০/৬/২৫

(সুকান্ত সাহা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ